



সংরক্ষিত নারী আসনে বিএনপির মনোনয়ন পেলেন আ. লীগের সুবর্ণা ঠাকুর



সুবর্ণা শিকদার (ঠাকুর)। ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে বিএনপির ঘোষিত ৩৬ জনের তালিকায় স্থান পেয়েছেন সুবর্ণা ঠাকুর (শিকদার)। সোমবার (২০ এপ্রিল) রুহুল কবির রিজভী তালিকা প্রকাশের পর বিষয়টি নিয়ে আলোচনা শুরু হয়। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে কাশিয়ানী উপজেলা আওয়ামী লীগের একটি পুরোনো কমিটির তালিকা, যেখানে বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক হিসেবে তার নাম রয়েছে। পাশাপাশি একটি ভিডিওতেও তাকে আওয়ামী লীগের মনোনয়নপ্রত্যাশী হিসেবে দেখা গেছে বলে দাবি উঠেছে। এ ঘটনায় স্থানীয় বিএনপির মধ্যে মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। কেউ এটিকে হতাশাজনক বলছেন, আবার কেউ কৌশলগত সিদ্ধান্ত হিসেবে দেখছেন। তবে সুবর্ণা ঠাকুর দাবি করেছেন, আওয়ামী লীগের কমিটিতে তার নাম অনুমতি ছাড়াই অন্তর্ভুক্ত করা হয়েছিল এবং তিনি কখনো সক্রিয়ভাবে ওই দলের রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন না।

LENS ASIA